# ময়মনসিংহ জেলা সদরে অবস্থিত সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে
## ভর্তি বিজ্ঞপ্তি
## শিক্ষাবর্ষ - ২০২২ খ্রি.

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২ খ্রি. ময়মনসিংহ জেলা সদরে অবস্থিত ০৩ (তিন) টি সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে নিম্নোক্ত শ্রেণির শূন্য আসনের বিপরীতে ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে।

### শ্রেণি ভিত্তিক শূন্য আসন সংখ্যা

| ক্রমিক নং | বিদ্যালয়ের নাম | শ্রেণি | শ্রেণিওয়ারী শূন্য আসন সংখ্যা | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | প্রভাতী | দিবা | মোট | |
| ০১ | ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ | ৩য় | ৬৬ | ৬৮ | ১৩৪ | |
| | | ৬ষ্ঠ | ৫৯ | ৬৪ | ১২৩ | সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণি উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য ১০% কোটা সংরক্ষিত থাকবে। |
| ০২ | বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ | ৪র্থ | ১৪০ | ১৩৮ | ২৭৮ | |
| ০৩ | গভর্ণমেন্ট ল্যাবরেটরী হাই স্কুল, ময়মনসিংহ | ১ম | ৫৯ (বালিকা) | ৫৯ (বালক) | ১১৮ | |
| | | ৬ষ্ঠ | ৬০ (বালিকা) | ৬০ (বালক) | ১২০ | সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণি উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য ১০% কোটা সংরক্ষিত থাকবে। |

ভর্তি পরীক্ষার আবেদন অনলাইনে পূরণ করতে হবে। বিদ্যালয় থেকে কোন ফরম বিতরণ করা হবে না। অনলাইনে ভর্তি ফরম পূরণ করে স্বয়ংক্রিয়ভাবে প্রবেশপত্র সংগ্রহ করা যাবে। https://gsa.teletalk.com.bd ওয়েব সাইটে অনলাইনে ভর্তির আবেদন করতে হবে। সংশ্লিষ্ট বিদ্যালয়ের ওয়েবসাইটে অনলাইনে ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য ও আবেদনের নিয়মাবলী জানা যাবে।

- ময়মনসিংহ জিলা স্কুল,ময়মনসিংহ এর ওয়েবসাইট ঃ www.mzs.edu.bd
- বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ এর ওয়েবসাইট ঃ www.sib.gov.bd
- গভর্ণমেন্ট ল্যাবরেটরী হাই স্কুল, ময়মনসিংহ এর ওয়েবসাইট ঃ www.sib.gov.bd

**অনলাইনে ভর্তি ফরম পূরণের তারিখ ও সময়:**

অন লাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমা দান শুরুর তারিখ ২৫/১১/২০২১ খ্রি: সকাল ১১:০০ টা

অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদানের শেষ তারিখ ০৮/১২/২০২১ খ্রি: বিকাল ০৫.০০ টা এবং শুধু মাত্র User Id প্রাপ্ত আবেদনকারীরা ০৮/১২/২০২১ খ্রি. রাত ১২:০০ টা পর্যন্ত টেলিটকের মাধ্যমে ফি প্রদান করতে পারবে।

অনলাইনে https://gsa.teletalk.com.bd তে আবেদন ফরম পূরণ করা যাবে। আবেদন ফি : ১১০/-(একশত দশ টাকা)।

**ভর্তি পরীক্ষার লটারির তারিখ:**

- আগামি ১৫/১২/২০২১ খ্রি: তারিখে অনলাইনের মাধ্যমে সারাদেশে সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে লটারি প্রক্রিয়ায় শিক্ষার্থী নির্বাচন করা হবে।

**শর্তাবলী :**

১। জাতীয় শিক্ষানীতি ২০১০ খ্রি. অনুযায়ী ১ম শ্রেণিতে ০১/০১/২০২২ খ্রি: তারিখে সর্বনিম্ন বয়স হবে ৬$^{+}$ বছর এবং সর্বোচ্চ বয়স ৮ বছরের কম হতে হবে।

২। অনলাইনে আবেদন ফরম পূরণের সময় শিক্ষার্থীর জন্ম তারিখ, নাম ও নামের বানান, পিতা-মাতার নাম ও নামের বানান সতর্কতার সাথে পূরণ করতে হবে। পরবর্তীতে এ ধরণের পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

৩। ভর্তির সময় অনলাইন জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

৪। একই বিদ্যালয়ের একই শিফটে ও একই শ্রেণিতে একাধিকবার আবেদন করা যাবে না।

৫। অনলাইনে আবেদন ফরম পূরণ ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলী www.dshe.gov.bd এর Secondary Circular/Order ও www.teletalk.com.bd ওয়েব সাইট হতে জানা যাবে।

স্বাক্ষরিত
(মোহছিনা খাতুন)
সদস্য সচিব
জেলা পর্যায়ে সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে
ভর্তি কমিটি
ও
প্রধান শিক্ষক
ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ।